৫০১১৯

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং-১৫

তারিখ: ০৪ পৌষ, ১৪৩১ / ১৯ ডিসেম্বর, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক
(শরীয়াহ্ ভিত্তিক পরিচালিত ব্যাংক ব্যতীত)

প্রিয় মহোদয়,

জাতীয় সঞ্চয় স্কীম-এর সংশোধিত নীতিমালার স্পষ্টীকরণ প্রসঙ্গে।

জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক পরিচালিত জাতীয় সঞ্চয় স্কীম-এর নীতিমালা সংশোধন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০৩ নভেম্বর, ২০২৪ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০৭.২০.৩৫ নম্বর প্রজ্ঞাপনের বিষয়ে এ বিভাগ কর্তৃক জারীকৃত ০৬ নভেম্বর, ২০২৪ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং-১৩/২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত প্রজ্ঞাপনের মাধ্যমে জাতীয় সঞ্চয় স্কীম-এর সংশোধিত নীতিমালা আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছিল।

০৩। এক্ষণে, উক্ত সংশোধিত নীতিমালা স্পষ্টীকরণ সংক্রান্ত অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮ নভেম্বর, ২০২৪ তারিখের সভার কার্যবিবরণীটি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(ইস্তেকমাল হোসেন)
পরিচালক (ডিএমডি)
ফোন: ৯৫৩০১৩১

Bangladesh Bank
Head Office, Dhaka.
Debt Management Department
Director (DMD)
04 DEC 2024
Additional Director-1. 2. 3. 4. 5
System Generated No-3011

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক ০৩-১১-২০২৪ তারিখে ইস্যুকৃত প্রজ্ঞাপন এর বিষয়ে প্রয়োজনীয় স্পষ্টীকরণ সংক্রান্ত সভার কার্যবিবরনী।

সভাপতি	মোঃ আবদুর রহমান খান. এফসিএমএ সচিব
সভার তারিখ	১৮-১১-২০২৪
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	কক্ষ নং-২৪০, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর যুগ্মসচিব (সঞ্চয়) সভাকে এই মর্মে অবহিত করেন যে, গত ০৩.১১.২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনটির স্পষ্টীকরণ প্রয়োজন। এ প্রেক্ষিতে অনলাইন সিস্টেমে কিছু পরিবর্তনের প্রয়োজন বিধায় তিনি SPFMS এর সিনিয়র পরামর্শক জনাব মুহাম্মদ মিজানুর রহমান-কে অনলাইন সেটআপ এর উদ্ভুত সমস্যা উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

আলোচ্য বিষয়-১: 'জাতীয় সঞ্চয় স্কিম' এর বিষয়ে জারিকৃত প্রজ্ঞাপন এর ব্যাখ্যা এবং অনলাইন সিস্টেমে-এ তা অন্তর্ভুক্তিকরণ

উল্লিখিত বিষয়বস্তুর প্রেক্ষাপটে সভায় বিশদ আলোচনা হয় এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

সিদ্ধান্তসমুহঃ

১.১ ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রসহ পরিবার সঞ্চয়পত্র, পেনশনার সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র এবং ডাকঘর সঞ্চয় ব্যাংক মেয়াদী হিসাব এর ক্ষেত্রে বিনিয়োগকারী বিনিয়োগের উর্ধ্বসীমা পর্যন্ত আমৃত্যু পুনঃবিনিয়োগ সুবিধা নিতে পারবেন। তবে, যে সকল ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র; পরিবার সঞ্চয়পত্র এবং পেনশনার সঞ্চয়পত্র ০১-১২-২০২৪ বা তৎপরবর্তী সময়ে মেয়াদোত্তীর্ণ হবে (ম্যানুয়ালসহ), সে সকল সঞ্চয়পত্র পুনঃবিনিয়োগ সুবিধা পাবে। প্রতিবার পুনঃবিনিয়োগের জন্য অনলাইনে অথবা সশরীরে গ্রাহকের সম্মতি গ্রহণ করতে হবে। বিনিয়োগের উর্ধ্বসীমা অতিক্রম করার ক্ষেত্রে, উর্ধ্বসীমা পর্যন্ত পুনঃবিনিয়োগ সুবিধা পাবেন; এবং উর্ধ্বসীমার অতিরিক্ত অর্থ স্বয়ংক্রিয়ভাবে গ্রাহকের ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে। এ প্রেক্ষাপটে, 'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' এর আওতায় প্রণীত 'Self-Service Module'এর অধীনে একটি নতুন Interface চালু করা হবে। উক্ত Interface এ ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে বিনিয়োগকারী অনলাইনে পুনঃবিনিয়োগ আবেদন করতে পারবেন। একইসাথে যদি বিনিয়োগকারী প্রয়োজন মনে করেন, যেকোন ইস্যুকারী অফিসে, সশরীরে উপস্থিত হয়েও পুনঃবিনিয়োগের আবেদন দাখিল করতে পারবেন।

১.২ ম্যানুয়াল পদ্ধতিতে ইস্যুকৃত বন্ডের ক্ষেত্রেও 'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' এর আওতায় ইস্যুকৃত ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড ও ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এর ন্যায় একই মেয়াদে

পুনঃবিনিয়োগ সুবিধা পাওয়া যাবে। এক্ষেত্রেও পুনঃবিনিয়োগের জন্য প্রতিবার অনলাইনে বা সশরীরে গ্রাহকের সম্মতি গ্রহণ করতে হবে।

১.৩ প্রযোজ্য ক্ষেত্রে বিনিয়োগকারীগণকে আয়কর রিটার্ণ দাখিলের প্রমানক (Proof of Submission of Return) আবশ্যিকভাবে জমা দিতে হবে। অন্যথায়, পুনঃবিনিয়োগের সুবিধা পাওয়া যাবে না। জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' এর আওতায় প্রণীত 'Self-Service Module' এর অধীনে নতুন Interface ব্যবহার করে বিনিয়োগকারী অনলাইনে আয়কর রিটার্ণ দাখিলের প্রমানক দাখিল করবেন। একইসাথে যেকোন ইস্যুকারী অফিসে বিনিয়োগকারী সশরীরে উপস্থিত হয়েও আয়কর রিটার্ণ দাখিলের প্রমানক জমা দিতে পারবেন। আয়কর রিটার্ন যাচাই করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড এর সাথে 'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' এর একটি Application Programming Interface (API) প্রস্তুত করতে হবে।

১.৪ পুনঃবিনিয়োগের সময় পুনঃবিনিয়োগের তারিখের মুনাফা হার ও স্ল্যাব প্রযোজ্য হবে।

১.৫ যৌথনামে সঞ্চয় স্কীমে বিনিয়োগের ক্ষেত্রে যে বিনিয়োগকারীর বিনিয়োগের সীমা সর্বোচ্চ পরিমানে থাকবে, সে বিনিয়োগকারীর জন্য প্রযোজ্য সীমা বিবেচনা করে যৌথ বিনিয়োগের পরিমাণ নির্ধারণ করা হবে।

১.৬ 'জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' এর আওতায় ইস্যুকৃত সকল পেনশনার সঞ্চয় ০১-১২-২০২৪ খ্রিস্টাব্দ তারিখ বা তৎপরবর্তীতে ত্রৈমাসিকের পরিবর্তে মাসিকভিত্তিতে মুনাফা প্রদেয় হবে।

১.৭ মুনাফাসহ পুনঃবিনিয়োগ করার সময় উৎসে কর কর্তনপূর্বক নীট মুনাফা পুনঃবিনিয়োগ সুবিধার আওতায় আসবে।

১.৮ মৃত ব্যক্তির নমিনী অথবা উত্তরাধিকারী পুনঃবিনিয়োগ সুবিধা প্রাপ্য হবেন না।

১.৯ পুনঃবিনিয়োগকৃত সঞ্চয়পত্রে পুরাতন ট্রাকিং নম্বর/রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করা হবে।

১.১০ ছুটির দিনেও স্বয়ংক্রিয়ভাবে পুনঃবিনিয়োগ সুবিধা চালু থাকবে।

১.১১ যেসব সঞ্চয় স্কিম লিয়েন অথবা স্থগিত (Frozen) রয়েছে সেসব স্কিমসমূহ পুনঃবিনিয়োগ সুবিধা পাবে না।

আলোচ্য বিষয়-২: বিবিধ

অন্যান্য বিষয়ে আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ-

সিদ্ধান্তঃ

২.১ ব্যাংক হিসাব পরিবর্তনের ক্ষেত্রে ইস্যুকারী অফিস Maker ও Reviewer হবে এবং ইস্যুকারী অফিসের উর্ধতন কার্যালয় হবে Approver। এই তিন ব্যবহারকারীর সমন্বয়ে জাতীয় সঞ্চয় স্কীম-এ বিনিয়োগকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের তথ্য সংশোধন করা যাবে।

২.২ ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ব্যতীত নগদায়নকৃত ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডসহ অন্যান্য সঞ্চয়পত্রের ক্ষেত্রে ৫ বছর পর বিনষ্ট করার বিষয়টি সংশ্লিষ্ট বিধিতে উল্লেখ আছে। এ প্রেক্ষাপটে, নগদায়নকৃত ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড বিনষ্টকরণ সংক্রান্ত বিধি সংশ্লিষ্ট বিধিমালায় সঞ্চয় অধিদপ্তরের সুপারিশের আলোকে সংযোজন করতে হবে।

৩। সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮-১১-২০২৪
মোঃ আবদুর রহমান খান. এফসিএমএ
সচিব

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.০৪১.২২.০০৪.২০.১৪৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
২। সচিব, অর্থ বিভাগ।
৩। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৪। জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), স্ট্রেংদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৬। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
৭। যুগ্মসচিব (সঞ্চয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

০১-১২-২০২৪
মকিমা বেগম
উপসচিব